# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ

**বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | | |
|---|---|---|---|
| ১. | সভাপতি | : | ড. মির্জা মোফাজ্জল ইসলাম<br>মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ |
| ২. | তারিখ ও সময় | : | ০৯ নভেম্বর ২০২২ খ্রি., বেলা ১০:০০ ঘটিকা |
| ৩. | স্থান | : | সেমিনার কক্ষ |
| ৪. | উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |
| ৫. | আলোচনা ও সিদ্ধান্ত | : | উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ১৬ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন | (১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন গুরুত্ব সহকারে প্রস্তুত করে প্রতিমাসে সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | সিএসও (আরসি)/ প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| ২. | গবেষণা কার্যক্রম জোরদারকরণ | (১) ধান এবং উদ্যানতাত্ত্বিক ফসলের হাইব্রিড জাত উদ্ভাবনের গবেষণায় জোর দিতে হবে। উদ্ভিদ প্রজনন বিভাগ ও উদ্যানতত্ত্ব বিভাগ প্রস্তুতকৃত প্রশিক্ষণ মডিউল অনুযায়ী ডিসেম্বর ২০২২খ্রি. এর মধ্যে প্রশিক্ষণের আয়োজন করবেন। | পরিচালক (প্রশি: ও পরি:); বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং উদ্যানতত্ত্ব বিভাগ |
| | | (২) বাজরা (millet) এর জার্মপ্লাজম সংগ্রহ করতে হবে। বাজরা বিষয়ে আধুনিক তথ্য উপাত্ত সম্বলিত সেমিনারটি দ্রুত আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ; ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিনা উপকেন্দ্র রংপুর, সংশ্লিষ্ট কমিটি |
| | | (৩) বায়োটেকনোলজি বিভাগ কর্তৃক প্রাপ্ত ধানের ব্লাস্ট প্রতিরোধী লাইনগুলি থেকে জাত উদ্ভাবনের লক্ষ্যে বায়োটেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান লাইনগুলি উদ্ভিদ প্রজনন বিভাগকে হস্তান্তর করবেন এবং জাত উদ্ভাবন গবেষণায় বিভাগীয় প্রধান, বায়োটেকনোলজি বিভাগ প্রধান হিসাবে থাকবেন। | বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ ও বায়োটেকনোলজি বিভাগ |
| | | (৪) উচ্চ মূল্য ফসল হিসাবে কফি এবং কাজু বাদাম বিষয়ক একটি সেমিনার আয়োজন করতে হবে। এছাড়াও Biotechnology Division এবং Soil Science Division থেকে উদ্ভাবিত নতুন প্রযুক্তি বিষয়ক একটি সেমিনার আয়োজন করতে হবে। | উদ্যানতত্ত্ব বিভাগ, বায়োটেকনোলজি বিভাগ ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধানগণ; সংশ্লিষ্ট কমিটি |
| | | (৫) কৃষি সম্প্রসারণ অফিস কে সরবরাহের জন্য বিনা উদ্ভাবিত জাতসমূহের লিফলেট এ সারের মাত্রা (বিনা ধান-১৭ এর হ্রাসকৃত সারের মাত্রা) ও কীটনাশকের নাম, ব্যবহারের সঠিক মাত্রা আপডেট করে নতুন করে লিফলেট ছাপাতে হবে। | বিভাগীয় প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ/কীটতত্ত্ব বিভাগ |
| ৩. | ওয়েব সাইট হালনাগাদকরণ | (১) বিনা'র ওয়েব সাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ এবং হালনাগাদ সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | | (২) নতুন যোগদানকৃত ও বদলীর কারণে নতুন কর্মস্থলে স্থানান্তরিত ই-নথি ব্যবহারকারীদের ই-নথি আইডি এবং ওয়েবসাইটে তথ্য আপডেট করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তি | (১) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (অর্থ) |
| ৫. | অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি। | (১) অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারীগণের অবসরে যাবার ০৩ (তিন) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ)/ উপ-পরিচালক (অর্থ) |
| ৬. | খরচের হিসাব নিয়মিত সমন্বয় সাধন | (১) অগ্রিম নোটের সকল খরচের ক্ষেত্রে ক্রয়ের সাথে সাথে দ্রুত সমন্বয় প্রদান সম্পন্ন করতে হবে। | সকল বিজ্ঞানী/ কর্মকর্তা/কর্মচারী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭. | শূন্য পদে লোক নিয়োগ | সকল শূন্য পদ পূরণ ও চলমান নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) |
| ৮. | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | (১) অনিস্পন্ন ই-নথি আছে এমন ব্যহারকারীদের তালিকা করে সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রোগামার, আইসিটি শাখা |
| ০৯. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অভিযোগ নিস্পত্তি | (১) কর্মসূচিসমূহের গবেষণা, বাজেট বাস্তবায়ন ও বার্ষিক ক্রয়পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কিত ১ টি সেমিনার নভেম্বর ২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | কর্মসূচি পরিচালক; সংশ্লিষ্ট কমিটি |
| | | (২) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বিনা প্রধান কার্যালয়ের বিভিন্ন গবেষণা বিভাগ কর্তৃক সম্পাদিত গবেষণা কার্যক্রম এর ডিজিটালাইজড ডাটা বেইজ প্রস্তুতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রোগামার, আইসিটি শাখা |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও SDG সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন | (১) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট, এপিএ |
| | | (২) বার্ষিক গবেষণা পর্যালোচনা সভার সাথে সমন্বয় করে SDG বিষয়ক একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, SDG |
| | | (৩) SDG লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, SDG |
| ১১. | জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সামাজিক নিরাপত্তা বিষয়ক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রতি সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট, জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসুচি বাস্তবায়ন |
| ১২. | উপকেন্দ্রসমূহের গবেষণা ও পরিচালনা সংক্রান্ত আলোচনা | (১) উপকেন্দ্র পরিদর্শনে আসা মনিটরিং কমিটির সুপারিশ ও নির্দেশমালা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করে বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সময়ে মনিটরিং কমিটির সভাপতির নিকট জমা প্রদান করতে হবে এবং সভাপতির নিকট থেকে কার্যক্রম সম্পাদন করার প্রত্যয়ন পত্র নিতে হবে। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| | | (২) উপকেন্দ্রসমূহের সমন্বয় সভায় আলোচনার কোনো বিষয় থাকলে সভার পূর্বেই পরিকল্পনা শাখায় তথ্য প্রেরণ করতে হবে। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১৩. | বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত | (১) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে গঠিত কমিটি প্রতি মাসের সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| | | (২) প্রতিটা উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ সেচ পাম্পের ও আবাসিক এলাকার মিটার আলাদার করার জন্য নিজ নিজ এলাকার পিডিবি অফিসে যোগাযোগ করতে হবে। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| | | (৫) সোলার প্যানেল কমিটির সোলার প্যানেল চালু করার উদ্দেশ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ করে সেই অনুসারে দ্রুত রিপোর্ট প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (৬) গাড়ীর জ্বালানী ব্যবহারের ক্ষেত্রে রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। | যানবহন শাখা |
| ১৪ | বিবিধ | সেমিনার আয়োজন কমিটির সভাপতিকে সমন্বয় সভায় অন্তর্ভুক্ত করতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/২০২২

(ড. মির্জা মোফাজ্জল ইসলাম)
মহাপরিচালক